# BENGALI

***Maximum Marks : 80***

***Time Allowed : Three Hours***

*(Candidates are allowed **additional 15 minutes** for **only** reading the paper.*

*They must **NOT** start writing during this time.)*

*Answer **Questions 1, 2 and 3 in Section A** and **four** other questions from **Section B** on **any three** out of the four prescribed textbooks.*

*The intended marks for questions or parts of questions are given in brackets [ ].*

## SECTION—A

## LANGUAGE - 40 MARKS

**Question 1** **[15]**

**Write a composition in approximately 400 words in Bengali on any *one* of the following topics given below :—**

নিম্নলিখিত যে কোন একটি বিষয়ের উপর ৪০০ শব্দে একটি রচনা লেখ।

(i) তোমার ঘরের জানলা দিয়ে কোনো ব্যস্ত রাস্তা, পার্ক বা কোনো মাঠ দেখা যায়। সেখানকার দৃশ্য শব্দ দিনের বিভিন্ন সময়ে কেমন হয় সে অভিজ্ঞতার বিবরণ দাও।

(ii) স্কুল জীবন হল সব থেকে সুখের- আলোচনা কর।

(iii) তথ্য প্রযুক্তির উন্নতি, নবীন ও প্রবীন প্রজন্মের দ্বন্দ্ব প্রকট করে তুলেছে। - এর পক্ষে বা বিপক্ষে তোমার মতামত দাও।

(iv) পক্ষপাতিত্ব।

(v) দূষণমুক্ত ভারতবর্ষ আজ এক স্বপ্ন। আলোচনা কর।

(vi) নিম্নলিখিত যে কোন একটি বিষয়ের উপর মৌলিক গল্প লেখ।

(a) 'মুখ ও মুখোশ'।

(b) 'একটি পুরনো বাদ্য যন্ত্র'।

**This Paper consists of 9 printed pages and 1 blank page.**



Downloaded From www.icseboard.org

## Question 2

**Read the passage given below carefully and answer in Bengali the questions that follow, using your own words:**

**নিম্নলিখিত রচনাংশটি ভালো করে পড়ে বাংলা ভাষায় প্রশ্নগুলির উত্তর দাও। উত্তরগুলি নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।**

কলমের ইতিহাস প্রায় পাঁচ হাজার বছরের পুরনো । আজকের এই ডট কম যুগে কলমের গুরুত্ব হ্রাস পেলেও কলম কিন্তু স্বমহিমায় আছে ইতিহাস জুড়ে। আজ কালি ও ঝরনা কলমের ব্যবহার প্রায় নেই বললেই চলে। সেই জায়গা দখল করে নিয়েছে বল পয়েন্ট পেন, জেল পেন।

প্রাচীন মিশরীয় ও সুমেরীয় সভ্যতায় কলমের ব্যবহার ছিল। সেই সময় নল, সুচালো কাঠ, পাখির পালক এমনকি জন্তুর হাড়কেও কলম হিসেবে ব্যবহার করা হত। কলম শুধু লেখার কাজে নয়, অস্ত্র হিসেবেও তা ব্যবহার করার ইতিহাস রয়েছে। রোমান সম্রাট জুলিয়াস সিজার তাঁর ব্রোঞ্জের কলম দিয়ে কাসকা কে হত্যা করেছিলেন।

ভারতবর্ষে এক সময় ব্যবহার করা হত খাগের কলম, পাখির পালক ইত্যাদি। মিশরীয়রা সম্ভবত কাঠির ডগায় তামার নিবের মতো কিছু একটা পরিয়ে লেখা শুরু করেছিল। গ্রীস দেশে কলম তৈরি হত হাতির দাঁত দিয়ে। এর নাম ছিল স্টাইলাস। সেজন্যই কিন্তু এখন লেখার ধরণকে বলা হয় স্টাইল। যেমন, রোমান স্টাইল, এরিয়াল ইত্যাদি।

পণ্ডিতদের মতে কলমের দুনিয়ায় সত্যিকারের বিপ্লব ঘটায় ফাউন্টেন পেন। এককালে বাংলায় তাকে বলা হত ঝরনা কলম। নামটা সম্ভবত রবীন্দ্রনাথ ঠাকুরের দেওয়া। ইংরাজিতে পেন শব্দটি এসেছে ল্যাটিন শব্দ পেন্না থেকে; যার অর্থ পাখির পালক। একদিন অফুরন্ত এই কালির ফোয়ারা, যিনি খুলে দিয়েছিলেন তার নাম লুইস অ্যাডসন ওয়াটারম্যান। সেকালে আরও অনেক ব্যবসায়ীর মতো তিনি দোয়াত কলম নিয়ে কাজে বের হতেন। একবার গিয়েছেন আর একজন ব্যবসায়ীর সঙ্গে চুক্তি পত্র সই করতে। দলিল কিছুটা লেখা হয়েছে এমন সময় দোয়াত হঠাৎ উপুড় হয়ে পড়ে গেল কাগজে। আবার তিনি ছুটলেন কালির সন্ধানে। ফিরে এসে শোনেন, ইতিমধ্যে আর একজন তৎপর ব্যবসায়ী, সই সাবুদ শেষ করে চুক্তিপত্র



Downloaded From www.icseboard.org

পাকা করে চলে গেছেন। বিমর্ষ ওয়াটারম্যান মনে মনে প্রতিজ্ঞা করেন, আর নয় - এর একটা বিহিত তাঁকে করতে হবে। এইভাবে ১৮৮৩ সালে জন্ম নেয় ফাউন্টেন পেন।

তখন আমি একাদশ কি দ্বাদশ শ্রেণিতে পড়ি। কলকাতার কলেজ স্ট্রিটের একটি নামী কলমের দোকানে গিয়েছি একটি ফাউন্টেন পেন কিনব বলে। সেলসম্যান জানতে চান, কী কলম কিনতে চাই। প্রশ্ন শুনে আমি তো ভ্যাবাচ্যাকা খেয়ে গেলাম! তিনি আউড়ে চলেছেন - পার্কার? শেফার্ড? ওয়াটারম্যান? সোয়ান? পাইলট? কোনটার কি দাম সঙ্গে সঙ্গে তা-ও তিনি মুখস্থ বলতে লাগলেন। আমার মুখের দিকে তাকিয়ে বুঝতে পারলেন আমার পকেটের অবস্থা! একটু চিন্তা করে তিনি বললেন, " সস্তার একটা পাইলট নিয়ে যাও। জাপানি কলম, কিন্তু দারুণ!" এই বলেই তিনি কলমের মুখ থেকে খাপটা সরিয়ে ধাঁ করে কলমটি ছুঁড়ে দিলেন টেবিলের একপাশে দাঁড় করানো একটা কাঠের বোর্ডের উপর। আমাকে অবাক করে তিনি কলমটি বোর্ড থেকে খুলে নিয়ে দেখালেন-- 'এই দেখো, নিব ঠিক আছে।' দু'এক লাইন লিখে দেখিয়ে দিলেন। আমি সেদিন সেই জাদু পাইলট নিয়েই ঘর ফিরেছিলাম। পরে নামী-দামি আরও নানা নামের, নানা জাতের ফাউন্টেন পেন হাতে এসেছে, কিন্তু অনেকদিন পর্যন্ত বাঁচিয়ে রেখেছিলাম সেদিনের কেনা সেই জাপানি পাইলটকে।

(i) কলমের ইতিহাস কত বছরের পুরনো? আজ কালি-কলমের জায়গা কে দখল করে নিয়েছে? [3]

(ii) ফাউন্টেন পেনের বাংলা নামটি কী ? এই নামটি কার দেওয়া হতে পারে বলে মনে হয় ? একদিন অফুরন্ত কালির ফোয়ারা কে খুলে দিয়েছিলেন ? [3]

(iii) কথকের ফাউন্টেন পেন কেনার অভিজ্ঞতা কেমন ছিল ? [3]

(iv) রোমান সম্রাট জুলিয়াস সিজারের কলম ছিল : [1]

(a) জন্তুর হাড় দিয়ে তৈরি।

(b) রূপোর।

(c) কাঠের।

(d) ব্রোঞ্জের।



Downloaded From www.icseboard.org

(v) পেন শব্দটি এসেছে : [1]

(a) স্প্যানিশ শব্দ থেকে।

(b) ল্যাটিন শব্দ পেন্না থেকে।

(c) ফরাসি শব্দ থেকে।

(d) গ্রীক শব্দ থেকে।

(vi) স্টাইলাস হল : [1]

(a) পাখির পালক দিয়ে তৈরি কলম।

(b) জন্তুর হাড় দিয়ে তৈরি কলম।

(c) হাতির দাঁত দিয়ে তৈরি কলম।

(d) ঘোড়ার লোম দিয়ে তৈরি কলম।

(vii) ১৮৮৩ সালে ফাউন্টেন পেনের জন্ম দেন : [1]

(a) শেফার্ড।

(b) পাইলট।

(c) পার্কার।

(d) ওয়াটারম্যান।

(viii) বিমর্ষ শব্দের বিপরীত হল : [1]

(a) আনন্দ।

(b) প্রফুল্ল।

(c) উৎসাহ।

(d) খুশি।

(ix) উদ্ধৃত রচনাংশটির নামকরণ কি হতে পারে? - ঠিক উত্তরটি বেছে নাও। [1]

(a) লুইস অ্যাডসন ওয়াটারম্যান।

(b) কলমের জন্মবৃত্তান্ত।

(c) ঝরণা কলমের ইতিহাস: আমার জাপানি পাইলট পেন।

(d) সেকালের কলম।



Downloaded From www.icseboard.org

Question 3

**Do as directed :—**

নিচের প্রশ্নগুলির উত্তর দাও ঃ

(i) জাঁ পল সার্ত্রকে নোবেল পুরস্কার বিজয়ী ঘোষণা করা হলেও তিনি নোবেল পুরস্কার প্রত্যাখ্যান করেন। (জটিল বাক্যে পরিণত কর) [1]

(ii) কর্ণ মহাবীর হলেও চিরদিন কৃপার পাত্র (যৌগিক বাক্যে পরিণত কর) [1]

(iii) সঠিক বানানটি বেছে নাও ঃ [1]

(a) অচিন্ত।

(b) অচীন্ত।

(c) অচিনত।

(d) অচিন্ত্য।

(iv) ভুল বানানটি বেছে নাও ঃ [1]

(a) শশিভূষণ।

(b) প্রশস্ত।

(c) ভাগিরথী।

(d) বাল্মীকি।

(v) আদালতে দাঁড়িয়ে সে আগাগোড়া মিথ্যা সাক্ষী দিয়ে গেল। বাক্যটি শুদ্ধ করে লিখলে হবে ঃ [1]

(a) আগাগোড়া সে মিথ্যা সাক্ষী দিয়ে গেল আদালতে দাঁড়িয়ে।

(b) আদালতে দাঁড়িয়ে গোড়া পর্যন্ত মিথ্যা সাক্ষী দিয়ে গেল।

(c) মিথ্যা সাক্ষী সে আগাগোড়া আদালতে দাঁড়িয়ে দিয়ে গেল।

(d) আদালতে দাঁড়িয়ে সে আগাগোড়া মিথ্যা সাক্ষ্য দিয়ে গেল।

(vi) রাম__________করে হেসে উঠল। উপযুক্ত ধ্বন্যাত্মক শব্দ বেছে শূণ্যস্থান পূরণ কর। [1]

(a) ছমছম।

(b) খিলখিল।

(c) ঠাসঠাস।

(d) গমগম।



Downloaded From www.icseboard.org

(vii) তুমি কি উত্তরটা জানো? বাক্যটিকে কর্মবাচ্যে পরিণত করলে হবে ঃ [1]

(a) তুমি উত্তরটা নিশ্চয়ই জানো।

(b) তুমি উত্তরটা জানো কি?

(c) তোমার দ্বারা কি উত্তরটা জানা আছে?

(d) তোমার উত্তরটা জানা নেই?

(viii) বারবেলা পড়ে গেল, আর যাচ্ছি না। বাক্যটিকে ভাববাচ্যে পরিণত করলে হবে ঃ [1]

(a) বারবেলা পড়ে গেছে, আমি আর যাব না।

(b) বারবেলায় আমি যাচ্ছি না।

(c) বারবেলা পড়ে যাওয়াতে আর যাওয়া হল না।

(d) বারবেলা পড়ে গেলে আর যাব না।

(ix) যিনি ভূত, ভবিষ্যৎ ও বর্তমানের বৃত্তান্ত জানেন— এর এককথায় প্রকাশ হবে ঃ [1]

(a) ত্রিকালদর্শী।

(b) ত্রিকালজ্ঞ।

(c) জ্যোতিষী।

(d) দার্শনিক।

(x) উপযুক্ত বাগধারা দিয়ে শূণ্যস্থান পূরণ কর ঃ [1]

আর __________ করে লাভ নেই, যা বলার স্পষ্ট করে বলে ফেল।

(a) খয়ের খাঁ।

(b) চিনির বলদ।

(c) গৌরচন্দ্রিকা।

(d) ব্যাঙের সর্দি।



Downloaded From www.icseboard.org

## SECTION—B

## LITERATURE - 40 MARKS

Answer ***four*** questions from this section on ***any three*** out of the four prescribed text books.

নির্ধারিত চারটি পাঠ্যপুস্তকের মধ্যে যে কোনো তিনটি বই থেকে
চারটি প্রশ্নের উত্তর দাও।

### প্রবন্ধ ও গদ্য সংকলন

### (PROBONDHO O GODYA SONKOLON)

**Question 4**

"তাদের মধ্যে তখন বৈশাখের আম কুড়ানো ক্ষিপ্র উন্মাদনা বলে ব্যাপারটা তাদের কাছে দিনে দুপুরে ডাকাতির মতো মনে হয় না।"

(i) কার লেখা কোন রচনার অন্তর্গত ? [1]

(ii) 'তাদের' বলতে কাদের বোঝানো হয়েছে ? [2]

(iii) 'বৈশাখের আম কুড়ানো ক্ষিপ্র উন্মাদনা' বলতে কী বোঝানো হয়েছে ? [2]

(iv) তাদের কাছে কেন দিনে দুপুরে ডাকাতির মতো মনে হয় না ? [5]

**Question 5** [10]

"সুভাষ কাকিমা আমার চাইতে বয়সে বড়ো নয়, নিজের কাকিও নয়, তাই প্রণাম কখনো করিনি, অতএব ন যযৌ ন তস্থৌ ভাবে দাঁড়িয়ে রইলাম।"

উক্তিটি কোন প্রসঙ্গে করা হয়েছে? 'ন যযৌ ন তস্থৌ' কথাটির অর্থ কী? কথাটির মূল উৎস কী ? সেখানে কোন উপলক্ষে উক্তিটি করা হয়েছে ? এই গল্পের সঙ্গে কোথায় তার মিল?

**Question 6** [10]

"বিচারক যেখানে বিধিবদ্ধ বিধানের মধ্যে আবদ্ধ নয়, সেখানে বিচার হয় না, বিচারের নামে চলে স্বেচ্ছাচার।"

কার লেখা কোন মূল গ্রন্থ থেকে গল্পটি নেওয়া হয়েছে? 'বিচারের নামে স্বেচ্ছাচার' বলতে কী বোঝানো হয়েছে ? কার ওপর বিচারের নামে কেন স্বেচ্ছাচার ঘটেছে ? এর পরিণতি কী হয় ?



Downloaded From www.icseboard.org

## কবিতা সংকলন
## (KOBITA SONKOLON)

**Question 7**

"পোপের ভয়ে দেশান্তরী হয়েছিলেন লিওনার্দো দা ভিঞ্চি।"

(i) কার লেখা কোন মূল কাব্যগ্রন্থ থেকে কবিতাটি নেওয়া হয়েছে? [1]

(ii) পোপ কে? [2]

(iii) লিওনার্দো দা ভিঞ্চির সংক্ষিপ্ত পরিচয় দাও। [2]

(iv) পোপ ও লিওনার্দো দা ভিঞ্চির উল্লেখের মধ্য দিয়ে কবি কী বোঝাতে চেয়েছেন? [5]

**Question 8** [10]

"কোথায় গেল ওর স্বচ্ছ যৌবন
কোথায় কুরে খায় গোপন ক্ষয়।"

বক্তা কে ? কার সম্পর্কে বক্তা কী বলতে চেয়েছেন ? এখানে বক্তার কোন মনোভাব প্রকাশ পেয়েছে? বক্তার মূল বক্তব্য আলোচনা কর।

**Question 9** [10]

"জানি তার পণ্যবাহী সেনা
জ্যোতিষ্কলোকের পথে রেখামাত্র চিহ্ন রাখিবে না।"

কোন প্রসঙ্গে উক্তিটি করা হয়েছে ? 'পণ্যবাহী সেনা' ও 'জ্যোতিষ্কলোক' বলতে কবি কী বোঝাতে চেয়েছেন? উদ্ধৃত অংশে কিসের চিহ্ন থাকবে না বলে কবি মনে করেছেন?

## কোনি
## (KONI)

**Question 10**

"সিস্টেমটা খুব ভালো।"

(i) বক্তা কে ? [1]

(ii) কোন প্রসঙ্গে কাকে বলেছেন ? [2]

(iii) কোন সিস্টেমের কথা এখানে বলা হয়েছে? [2]

(iv) বক্তা এই সিস্টেমে কাকে কী শেখাতে চেয়েছেন ? [5]



Downloaded From www.icseboard.org

**Question 11** [10]

"ওই জলের নীচে লুকিয়ে ছিলুম আর বলছিলুম - সব পারে মানুষ সব পারে- ফাইট কোনি ফাইট।"

জলের নীচে কে লুকিয়েছিল ? বক্তা কেন একথা বলেছেন? সফলতা পেতে কোনিকে কতটা ফাইট করতে হয়েছে তা সংক্ষেপে লেখ। কাহিনিটি পড়ে তুমি কী উপলব্ধি করেছো ?

**Question 12** [10]

জুপিটারের যে সভায় ক্ষিতীশ সিংহ চিফ ট্রেনারের পদ ছেড়েছিলেন সেই সভার বিবরণ দাও।

## মুকুট
## (MUKUT)

**Question 13**

"উনি সকলের চেয়ে বড়ো জীব শিকার করে বেড়ান। রাজসভায় দুই পা-ওয়ালা এমন একটি জীব নেই যিনি ওঁর কোনো না কোনো ফাঁদে আটকা না পড়েছেন।"

(i) বক্তা কে ? [1]

(ii) কাকে তার সম্পর্কে বলেছেন ? [2]

(iii) বক্তা কী বলতে চেয়েছেন ? [2]

(iv) বক্তা এমন কথা বলেছেন কেন ? [5]

**Question 14** [10]

'মুকুট' নাটকে চন্দ্রমাণিক্যের চরিত্র আলোচনা কর।

**Question 15** [10]

"খুব ব্যাঘাত হয়েছিল। আমার সৈন্যেরা খবর পেয়ে সকলেই চঞ্চল হয়ে উঠল, তাদের কি আর লড়াইয়ে মন ছিল......"

বক্তা কে? কাকে বলেছেন? কিসের ব্যাঘাত হয়েছিল? সৈন্যদের লড়াইয়ে মন ছিল না কেন ?



Downloaded From www.icseboard.org